# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 31-03-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) দেশের দরীদ্রতম মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পোঁছে দেওয়া সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন।

গ্রীষ্মের ছুটিতে পড়ুয়াদের সামার ক্যাম্পের মত নানা কর্মসূচীতে অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন তিনি।

২) মালদার মোথাবাড়ি যাওয়ার পথে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারকে পুলিশের বাধা দেওয়াকে কেন্দ্র করে রাজনৈতিক তরজা চলছে।

৩) পবিত্র রামজান মাসের পর আজ খুশীর উৎসব ঈদ-উল-ফিতর উদযাপিত হচ্ছে।

৪) ব্যাঙ্গালুরু-কামাখ্যা সুপারফাস্ট এক্সপ্রেস দুর্ঘটনায় আলিপুরদুয়ারের এক যুবক প্রাণ হারিয়েছেন। ৫ লক্ষ টাকা অর্থ সহায়তা ঘোষণা রেলের।

৫) দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন তাপমাত্রার বড় কোনো হেরফের হবে না বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

৬) আইপি এল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ মুম্বই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে।

--------------------------------------------------------------------------------

দেশের দরিদ্রতম মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌছে দেওয়াই সরকারের কাছে সর্বোচ্চ অগ্রাধিকার বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। আয়ুষ্মান ভারত-এর মত প্রকল্পের আওতায় কোটি কোটি মানুষ বিনা পয়সায় চিকিৎসার সুযোগ পাচ্ছেন বলে শ্রী মোদী জানিয়েছেন। গতকাল মহারাষ্ট্রে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী মোদী বলেন, সরকারের জন ঔষধি কেন্দ্রগুলিতে দরিদ্র এবং মধ্যবিত্তরা কম দামে ওষুধ কিনতে পারছেন।

বাইট

সরকার দেশে মেডিকাল শিক্ষাকে উন্নত করতে সব রকম প্রয়াস চালাচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

-----------------------

আসন্ন গ্রীষ্মের ছুটিতে পড়ুয়াদের সামার ক্যাম্পের মত নানা কর্মসূচীতে অংশ নিতে আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গতকাল আকাশবানীতে মন কি বাত অনুষ্ঠানের ১২০ তম পর্বে তিনি বলেন, এই সময়টা নতুন নতুন জিনিষ শেখা এবং নতুন দক্ষতা অর্জনের সুযোগ। বিভিন্ন সংগঠন, স্কুল এবং সামাজিক প্রতিষ্ঠান তাদের আয়োজিত সামার ক্যাম্পের বিষয়ে **‘হ্যাশট্যাগ মাই হলিডেজ’** এর মাধ্যমে জানাতে পারেন। এর ফলে শিক্ষার্থী এবং তাঁদের বাবা মা সহজেই এসংক্রান্ত তথ্য পেয়ে যাবেন।

(MKB- গ্রীষ্মের ছুটি/ Summer Camp 31 sec.)

-----------------------

মালদার মোথাবাড়ি যাওয়ার পথে ইংরেজবাজারের সাদুল্লাপুরে বিজেপি-র রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারকে গতকাল পুলিশের বাধা দেওয়াকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা রয়েছে। সাদুল্লাপুরে পুলিশের দেওয়া ব্যারিকেড বিজেপি

নেতৃত্ব ভেঙে ফেলে। টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখানো হয়। সাদুল্লাপুরে পুলিশের বিশাল বাহিনী মোতায়েন রয়েছে। নামানো হয়েছে র‍্যাফ । রাজ্যের পুলিশ পক্ষপাতমূলক আচরণ করছে বলে অভিযোগ করেছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার।

বাইট

এদিকে, মোথাবাড়ি এলাকার দায়িত্বপ্রাপ্ত রাজ্য পুলিশের আই জি রাজেশ যাদব জানিয়েছেন, প্রশাসন স্থানীয় নাগরিকদের সঙ্গে শান্তি বৈঠক করেছে। সেখানে রুটমার্চ চলছে। পুলিশ এপর্যন্ত ৬১ জনকে গ্রেফতার করেছে।

ধর্ম নিয়ে রাজনীতি করলে পুলিশ বাধা দেবে বলে তৃনমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

বাইট

কিছু স্থানীয় ও বহিরাগত শক্তি রাজনৈতিক স্বার্থে মালদার মোথা বাড়িতে সাম্প্রদায়িক বিভেদ তৈরির চেষ্টা করছে বলে কংগ্রেস নেতা তথা দক্ষিণ মালদার কংগ্রেস সাংসদ ঈসা খান চৌধুরী মন্তব্য করেন। এদিকে পুলিশের ভূমিকা নিরপেক্ষ হওয়া উচিৎ বলে উল্লেখ করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

বাইট

-----------------------

পবিত্র রমজান মাসের কৃচ্ছসাধনের পর আজ উদযাপিত হচ্ছে খুশীর উৎসব ইদ-উল-ফিতর। কলকাতা সহ রাজ্যের বিভিন্ন মসজিদ, ইদগাহ্ গুলিতে চলছে প্রার্থনা। কলকাতায় ইন্দিরা গান্ধী সরণীতে ঈদের জমায়েত অনুষ্ঠিত হবে। এতে যোগ

দেবার কথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর। সকাল ৯-টায় এই নামাজ শুরু হবে। এই উপলক্ষে আজ শহরের বেশ কিছু রাস্তায় যান চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে।

রাজ্যবাসীকে ঈদ-উল-ফিতর এর শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। নিজেদের এক্স হ্যান্ডেলে বাংলা ও উর্দু ভাষায় শুভেচ্ছা বার্তা পোস্ট করেন তিনি।

এদিকে শুরু হয়েছে নবরাত্রি এবং কয়েকদিন পর পালিত হবে রামনবমী। বাংলার চিরাচরিত ঐতিহ্য মেনে শান্তি ও সম্প্রীতির বাতাবরণে এই উৎসব পালনের জন্য বামফ্রন্টের পক্ষ থেকে, রাজ্যের সকল অংশের মানুষের প্রতি আহ্বান জানানো হয়েছে। উৎসবের শুভেচ্ছা জানানো হয়েছে কংগ্রেসের তরফেও।

------------------------

ঈদ - উল - ফিতর উপলক্ষে আজ মেট্রোর ব্লু লাইনে ২৬২ টির পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ২৩৬ টি ট্রেন পরিষেবা পাওয়া যাবে। তবে, প্রথম ও শেষ ট্রেনের সময়সূচি অপরিবর্তিত থাকবে।

অন্যদিকে, গ্রিন লাইন -1 এ আপ ও ডাউন মিলিয়ে মোট ৯০ টি ট্রেন পরিষেবা দেওয়া হবে। সকাল ৬ টা ৫৫ মিনিট থেকে রাত ৯ টা ৪০ মিনিটের মধ্যে ২০ মিনিট অন্তর এই ট্রেনগুলি পাওয়া যাবে।

গ্রীন লাইন 2 , পার্পেল লাইন ও অরেঞ্জ লাইনে মেট্রো পরিষেবা অন্যান্য দিনের মত স্বাভাবিক  থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

------------------------

ওড়িশার কটক ও নারগুন্ডি রেল স্টেশন এর মাঝে ব্যাঙ্গালোর-কামাখ্যা এসি সুপারফাস্ট এক্সপ্রেসের লাইনচ্যুত হওয়ার ঘটনার তদন্ত করবেন কমিশনার অফ রেলওয়ে সেফটি বীরেশ কুমার মিশ্র। দুর্ঘটনা নিয়ে কোন তথ্য প্রমান সাধারণ মানুষের কাছে থাকলে তা তাঁরা আগামী পয়লা ও দোসরা এপ্রিল খুরদা রোডের DRM এর অফিসে জানাতে পারবেন। এছাড়াও কমিশনার অফ রেলওয়ে সেফটিকে চিঠি লিখেও বিষয়টি জানানো যাবে। আগেই জানানো হয়েছে, বেঙ্গালুরু – কামাক্ষা এসি সুপার ফাস্ট এক্সপ্রেসের ১১-টি কোচ গতকাল কটকের কাছে লাইনচ্যুত হলে ১ জনের মৃত্যু হয়েছে। আহত বেশ কয়েকজন। আহতদের কটকের হাসপাতালে চিকিৎসা চলছে। রেল সূত্রের খবর মৃত শুভঙ্কর রায়, আলিপুরদুয়ারের বাসিন্দা, ব্যাঙ্গালুরু থেকে মায়ের চিকিৎসা করিয়ে তিনি ফিরছিলেন। নিহতের নিকটাত্মীয়কে ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা দেবে রেল, গুরুতর আহতদের আড়াই লক্ষ টাকা এবং সাধারন চোট আঘাতের ক্ষেত্রে ৫০ হাজার টাকা সহায়তা দেওয়া হবে বলে জানানো হয়েছে।

এই ঘটনায় রেলমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে কংগ্রেস। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, একের পর এক রেল দুর্ঘটনায় মানুষের প্রাণ যাচ্ছে। রেলের বেহাল দশার জন্য দায় নিয়ে রেলমন্ত্রীর অবিলম্বে পদত্যাগ করা উচিৎ বলে তিনি মন্তব্য করেন। দুর্ঘটনায় রেল যাত্রী বাংলার এক যুবকের প্রাণ চলে যাওয়ায় গভীর শোক প্রকাশ করেন শুভঙ্কর বাবু। নিহত ওই যুবকের পরিবারকে ১০ লক্ষ টাকা ক্ষতিপূরণের দাবির পাশাপাশি পরিবারের একজন সদস্যকে চাকরি দেওয়ার দাবি জানিয়েছে প্রদেশ কংগ্রেস।

-----------------------

কলকাতা পুলিশের এস টি এফ, আনন্দপুর থানা এলাকার নোনোডাঙ্গায় দুজনের কাছ থেকে ১১-টি আগ্নেয়াস্ত্র ও গুলি উদ্ধার করেছে। হুগলীর বাসিন্দা ধৃত এই দু-জনের মধ্যে এক জন মহিলা। আজ তাদের আদালতে তোলা হবে।

----------------------

শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা আত্মসাত্-এর অভিযোগে জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারের পাঁচটি চা বাগানের মালিকদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়েছে। জয়পুর, সাইলি, নয়া সাইলি, সুভাষিনী এবং সীতারাম চা বাগানের মালিক পক্ষ, শ্রমিকদের প্রভিডেন্ট খাতে ২০ কোটিরও বেশি টাকা জমা করেননি বলে অভিযোগ। ৩৩ টি চাবাগানের মালিককে একই অভিযোগে শোকজ নোটিশ পাঠানো হয়েছে। দীর্ঘদিন ধরেই তাদের পিএফ জমা পড়ছেনা বলে শ্রমিকরা অভিযোগ করেছিলেন।

----------------------

পাহাড়-তরাই-ডুয়ার্সের পরিবেশ ও জমি-জীবিকা-অধিকার রক্ষা, ভূমি সমীক্ষা, বনাধিকার আইনের যথাযথ রূপায়ণের দাবিতে গতকাল শিলিগুড়িতে এক গণকনভেনশনের আয়োজন করা হয়। এতে অংশ নেন চা ও সিঙ্কোনা বাগানের শ্রমিক, লেখক শিল্পী সহ নাগরিক সমাজের মানুষ।

কনভেনশনের এর অন্যতম আহ্বায়ক শমিক চক্রবর্তী আমাদের প্রতিনিধিকে বলেন,“টি ট্যুরিজমে”র নামে ডুয়ার্স-তরাই-পাহাড়ের প্রকৃতি-পরিবেশ ধ্বংস করা হচ্ছে। পরিবেশ ও দরিদ্র মানুষের জীবন জীবিকার স্বার্থে এই সমস্ত প্রকল্প ও কর্মকান্ড অবিলম্বে বন্ধ হওয়া উচিত।

বাইট শমীক চক্রবর্তী।

------------------------

উত্তর ২৪ পরগনার দেগঙ্গার দোগাছিয়া এলাকায় তৃণমূল কংগ্রেসের নাম করে একটি গার্মেন্টস হাব থেকে মোটা অংকের চাঁদা চেয়ে জুলুমের অভিযোগ উঠেছে দুষ্কৃতীদের বিরুদ্ধে। চাঁদা না দিতে পারায় কোম্পানির একাধিক কর্মীকে মারধর করা হয়। সিসিটিভি-তে পুরো ঘটনা রেকর্ড করা হয়েছে। জানা গেছে ঐ সংস্থায় প্রায় ৩০০ শ্রমিক কাজ করেন। শাসক দলের নাম করে গত কয়েকদিন ধরেই তাদের হুমকি দেওয়া ও মোটা অঙ্কের চাঁদার দাবি করা হচ্ছিল। ইতমধ্যেই দেগঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে।

------------------------

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আগামী কয়েকদিন তাপমাত্রার বড় রকম হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছেন। পূর্বাঞ্চলীয় অধিকর্তা ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে বলেন, আগামী মাসের চার তারিখ কয়েকটি জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা।

(বাইট - ডঃ সোমনাথ দত্ত)

আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড কার হয়েছে ২৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ২ দশমিক ৬ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

------------------------

মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে আজ সন্ধ্যায় আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, মুম্বই ইন্ডিয়ান্স এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই দুটি করে ম্যাচ খেলেছে। কলকাতা প্রথম ম্যাচে রয়াল চ্যালেঞ্জার্স

ব্যাঙ্গালুরুর কাছে পরাজিত হওয়ার পর, দ্বিতীয় ম্যাচে রাজস্থান রয়ালস এর বিরুদ্ধে জয়ী হয়। অন্যদিকে, মুম্বই প্রথম ম্যাচে চেন্নাই সুপার কিংস ও দ্বিতীয় ম্যাচে গুজরাট টাইটানস এর কাছে পরাজিত হয়েছে।

----------------------- -----------------------